# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 17-03-25** **Time: 7-50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন, রাজ্য সরকারে আরও একটু সহায়তা পেলেই বরাহনগর থেকে ব্যারাকপুর পর্যন্ত মেট্রেরেলের কাজ সম্প্রসারণ করা সম্ভব হবে।

২) সংখ্যালঘু সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নে সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন।

৩) কলকাতা সহ গোটা রাজ্যে আর কোনো বেআইনী নির্মাণ যাতে না হয়, রাজ্য সরকার তা নিশ্চিত করতে উপযুক্ত ব্যবস্থা নিচ্ছে।

৪) আর জি কর মামলায় তরুণী চিকিৎসকের বাবা মা তাদের আবেদনের শুনানির জন্য কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হতে পারেন বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে।

৫) রাষ্ট্রায়াত্ত্ব ব্যাঙ্কগুলিতে পর্যাপ্ত কর্মী নিয়োগ সহ বেশ কয়েক দফা দাবিতে ব্যাঙ্ক কর্মীদের ৯ টি সংগঠনের যৌথ মঞ্চ আগামী সোম ও মঙ্গলবার দেশজুড়ে ব্যাঙ্ক ধর্মঘটের ডাক দিয়েছে।

৬) হাওড়ার বাগনানে আজ এক পথ দুর্ঘটনায় ভারত সেবাশ্রম সংঘের মহারাজ স্বামী শুভঙ্করানন্দের মৃত্যু হয়েছে।

---

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেছেন রাজ্যে মেট্রো রেলের পরিকাঠামো নির্মানে রাজ্যসরকারের সহায়তা পাওয়া গেছে। আর একটু সহায়তা পেলেই বরাহনগর থেকে ব্যারাকপুর পর্যন্ত মেট্রো রেলের কাজ সম্প্রসারণ করা সম্ভব হবে। আজ রাজ্যসভায় রেল মন্ত্রী জানান কিছু পরিকাঠামোগত সমস্যা রয়েছে। সেটুকু সরিয়ে দিলেই ওই অংশের কাজ কাজ শুরু করা যাবে। তিনি বলেন নিউ ব্যারাকপুর থেকে বারাসাত শাখার মধ্যে দখলদারির জন্য মেট্রোর কাজ ঠিকমতো করা যাচ্ছে না। মোমিনপুর থেকে বিবাদি বাগ অংশে পশ্চিমবঙ্গ সরকার সামান্য কিছু জমি না দেওয়ায় খিদিরপুর স্টেশন নির্মানের কাজও আটকে আছে বলেও শ্রী বৈষ্ণব জানিয়েছেন।

বাইট

---------------------

সংখ্যালঘু সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নে রাজ্য সরকার বদ্ধপরিকর বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। তিনি আজ হুগলির ফুরফুরা শরীফে সরকারি উদ্যোগে আয়োজিত এক ইফতার সমাবেশে অংশ নিয়ে এক্ষেত্রে রাজ্য সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন। ফুরফুরায় নির্মীয়মান পলিটেকনিক কলেজ এবং ১০০ শয্যার হাসপাতাল পীর মহম্মদ আবু বকর সিদ্দিকি আল কুরেশি নামাঙ্কিত করা হবে বলে মুখ্যমন্ত্রী ঘোষণা করেন।

ওবিসি সার্টিফিকেট সংক্রান্ত মামলার জন্য রাজ্যে নিয়োগ প্রক্রিয়া থমকে রয়েছে, জানিয়ে মমতা বলেন, আইনি জটিলতা মিটে গেলেই ওইসমস্ত পদে নিয়োগ শুরু হবে।

তাঁর ফুরফুরা শরীফে আসার উদ্দেশ্য নিয়ে বিরোধীদের কটাক্ষ এবং এক শ্রেণীর সংবাদমাধ্যমে প্রকাশিত রিপোর্টে হতাশা ব্যক্ত করে মুখ্যমন্ত্রী বলেন, তিনি সাম্প্রদায়িক বিভেদে বিশ্বাসী নন। তাই সব সম্প্রদায়ের উৎসব অনুষ্ঠানেই যোগ দেন।

বাইট

ফুরফুরা শরীফের পীরজাদারাও মুখ্যমন্ত্রীর সম্প্রীতির বার্তার প্রশংসা করে বলেন, কিছু অশুভশক্তি রাজ্যে হিন্দু মুসলিম সুসম্পর্কে ফাটল ধরানোর চেষ্টা করছে। এই বিষয়টির দিকে মুখ্যমন্ত্রী বিশেষভাবে নজর রেখেছেন।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকরাও আজ ফুরফুরা শরিফের প্রতিষ্ঠাতা আবু বকর সিদ্দিকির প্রয়াণ দিবসে সেখানে গিয়ে তাঁর প্রতি শ্রদ্ধা জানান। পশ্চিমবঙ্গের দায়িত্বপ্রাপ্ত এআইসিসিরির পর্যবেক্ষক গোলাম আহমেদ মীর, আসাফ আলি খান, অম্বা প্রসাদ প্রমুখও শ্রদ্ধা জ্ঞাপন করেন।

অন্যিদকে, প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, প্রদেশ কংগ্রেস সভাপতির ফুরফুরা শরিফ যাওয়ার পিছনে কোনো রাজনৈতিক উদ্দেশ্য নেই। তবে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সংখ্যালঘুদের ভোট জেতার লক্ষ্যেই সেখানে গেছেন।

বাইট অধীর

---------------------

কলকাতা সহ গোটা রাজ্যে আর কোনও বেআইনী নির্মাণ যাতে না হয় রাজ্য সরকার তা নিশ্চিত করতে উপযুক্ত ব্যাবস্থা নিচ্ছে। রাজ্য বিধানসভায় আজ পুর ও নগরোন্নয়ন দফতরের বাজেটের ওপর আলোচনা শেষে জবাবী ভাষণে বিভাগীয় মন্ত্রী ফিরহাদ হাকিম একথা জানান। তিনি বলেন, গার্ডেনরিচের ঘটনার পর থেকেই রাজ্য সরকার এব্যপারে আরও বিশেষ ভাবে সতর্ক হয়েছে। পরে সাংবাদিকদের কাছে পুরমন্ত্রী, বেআইনি নির্মাণ রুখতে সরকারের একাধিক উদ্যোগের কথা তুলে ধরেন।

Byte of Firhad Hakim

বাজেট আলোচনায় অংশ না নেওয়ায় ফিরহাদ হাকিম বিরোধী বিজেপি সদস্যদের সমালোচনা করে বলেন এরাজ্যে বিরোধীরা শুধুমাত্র দেখনদারিতে বিশ্বাস করেন, গণতনত্রে তাঁদের বিশ্বাস নেই।

আলোচনা শেষে পুর ও নগরোন্ননয়ন দফতরের ১৩ হাজার ৩৮১ কোটি টাকার বাজেট প্রস্তাব বিধানসভায় গৃহীত হয়।

--------------------

কলকাতার ঐতিহ্যবাহী নিউ মার্কেট সংস্কারের কাজ শীঘ্রই শুরু হবে। বিধায়নসভায় প্রশ্নোত্তর পর্বে আজ তৃণমূল কংগ্রেস বিধায়ক অপূর্ব সরকারের এক প্রশ্নের জবাবে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম একথা জানিয়েছেন।

--------------------

পর্যটকদের সুবিধার্থে রাজ্য সরকার নথিভুক্ত সমস্ত হোম স্টে সংক্রান্ত বিস্তারিত তথ্য পর্যটন দপ্তরের ওয়েবসাইটে যুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। তৃনমূল কংগ্রেস বিধায়ক মহম্মদ আলির এক প্রশ্নের উত্তরে পর্যটন দপ্তরের স্বাধীন দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী ইন্দ্রনীল সেন আজ বিধানসভায় একথা জানান। আগামী আর্থিক বছর থেকেই পর্যটকরা ওয়েবসাইটে এই সমস্ত তথ্য পাবেন বলেও তিনি জানিয়েছেন।

উল্লেখ্য, রাজ্যে বর্তমানে ৫ হাজার ৩২৪টি নথিভুক্ত হোম স্টে রয়েছে। এরমধ্যে পর্যটন দপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত হোম স্টের সংখ্যা দুই হাজার ৫৩২। কলকাতা শহরেও ৮টি হোমস্টে রয়েছে।

--------------------

আর জি কর মামলায় তরুণী চিকিৎসকের বাবা মা তাদের আবেদনের শুনানির জন্য কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হতে পারেন বলে সুপ্রিম কোর্ট জানিয়েছে। প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার নেতৃত্বে তিন বিচারপতির বেঞ্চে আজ এই মামলার শুনানির সময়ে শীর্ষ আদালত জানিয়েছে, নির্যাতিতার পরিবার নতুন করে আবেদন জানালে হাইকোর্টে তার শুনানি হতে পারে। তবে মূল মামলার শুনানি হবে শীর্ষ আদালতেই।

এই মামলায় পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে ১৩ ই মে। ঐদিনই সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সঞ্জীব খান্নার অবসর নেওয়ার কথা।

নবনিযুক্ত বিচারপতি জয়মাল্য বাগচীও আজ তিন বিচারপতির বেঞ্চে ছিলেন।

অন্যদিকে, নির্যাতিতারা পক্ষে আজ সওয়াল করেন প্রবীণ আইনজীবী করুণা নন্দী। সিবিআইয়ের হয়ে আদালতে ছিলেন সলিসিটার জেনারেল তুষার মেহতা।

উল্লেখ্য এর আগে আর জি কর মামলায় আরও তদন্ত চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হয় নির্যাতিতার পরিবার। কিন্তু সেটি সুপ্রিম কোর্টের বিচারাধীন থাকায় হাইকোর্ট, পরিবারের আর্জি গ্রহণ করতে অস্বীকার করে।

---------------------

রাষ্ট্রায়ত্ত ব্যাংক গুলিতে পর্যাপ্ত কর্মী নিয়োগ, অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণ, ব্যাংক শিল্পে কাজের জন্য সপ্তাহে ৫দিন চালু করা, ব্যাংক কর্মীদের নিরাপত্তা, সহ কয়েক দফা দাবিতে ব্যাংক কর্মীদের ৯টি সংগঠনের যৌথ মঞ্চ ইউনাইটেড ফোরাম অফ ব্যাংক ইউনিয়নস আগামী সোম ও মঙ্গলবার (২৪ ও ২৫ শে মার্চ) দেশ জুড়ে ব্যাংক ধর্মঘটের ডাক দিয়েছে। এই ৯ টি সংগঠনের মধ্যে আছে AIBEA, AIBOC, NCBE, AIBOA, BEFI, INBEF, INBOC, NOBW এবং NOBO ।

UFBU এর আহ্বায়ক সুদীপ দত্ত আজ কলকাতায় এক সাংবাদিক বৈঠকে একথা জানিয়ে বলেন, গ্রামীন ব্যাংকগুলি এই ধর্মঘটের আওতায় থাকলেও কো - অপারেটিভ ব্যাংক গুলি থাকছে না। এটিএম গুলিতেও এই ধর্মঘটের প্রভাব পড়বে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন। তবে হাসপাতাল ও রেল স্টেশনগুলির ATM চালু রাখার চেষ্টা করা হবে। ধর্মঘটের জন্য যাতে অসুবিধায় পড়তে না হয় সেজন্য সুদীপ বাবু সকল্ কে আগাম প্রস্তুত থাকার আবেদন জানান।

এদিকে আগামীকাল শ্রম কমিশনার এর সঙ্গে সংগঠনগুলির বৈঠক হওয়ার কথা। তাতে কোনো নিস্পত্তি হয় কিনা সেদিকেই এখন লক্ষ্য সকলের। যদিও এর আগে গত সপ্তাহে IBA র সঙ্গে বৈঠকে কোনো সুরাহা হয় নি।

উল্লেখ্য, আগামী সোম ও মঙ্গলবার ব্যাংক ধর্মঘট হলে টানা চারদিন ব্যাংকের কাজ বন্ধ থাকবে।

---------------------

হাওড়ার বাগনানে ১৬ নং জাতীয় সড়কে আজ এক দুর্ঘটনায় ভারত সেবাশ্রম সংঘের স্বামী শুভঙ্করানন্দ মহারাজ ওরফে সুভাষ মহারাজ এবং প্রতিষ্ঠানের কর্মী বাসুদেব মন্ডলের মৃত্যু হয়েছে। আহত আরও ৫ জন। এদের প্রথমে উলুবেড়িয়া হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থা আশঙ্কাজনক হওয়ায় সেখান থেকে কলকাতার এসএসকেএম হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, আজ ভোরে সুভাষ মহারাজ সহ সাতজন বালিগঞ্জে ভারত সেবাশ্রমের সদর কার্যালয় থেকে পূর্ব মেদিনীপুরের মহিষাদলে বাসন্তী পুজোর অনুষ্ঠানে যোগ দিতে যাচ্ছিলেন। সেই সময় লাইব্রেরি মোড়ে গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে

বালি বোঝাই একটি লরিতে ধাক্কা মারে। ঘটনাস্থলেই আহত হন ৭ জন। হাসপাতালে নিয়ে যাওয়া হলে সুভাষ মহারাজ সহ দুজনকে মৃত ঘোষণা করা

---------------------

পূর্ব বর্ধমানের খন্ডঘোষের সগ্রাই গ্রাম পঞ্চায়েতের চিন্তামণিপুরে আজ গ্রাম্য পুজোর দখলকে কেন্দ্র করে সংঘর্ষে শীতল খাঁ (৭৩) নামের এক বৃদ্ধের মৃত্যু এবং আটজনের আহত হওয়ার খবর পাওয়া গিয়েছে ।

এই ঘটনায় পুলিশ ১০ জনকে গ্রেপ্তার করেছে। মৃতের পরিবারের পক্ষথেকে ১৩ জনের নামে এফআইআর করা হয় ।

পরিস্থিতি নিয়ন্ত্রণে এলাকায় মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী ।

---------------------

কোচবিহারের তুফানগঞ্জ কলেজে আজ তৃণমূল ছাত্র পরিষদের দুটি গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে সমীর দাস, ধীমান দেউড়ি সহ তিনজন আহত হয় । দু দলই একে অপরের বিরুদ্ধে হামলা চালানোর অভিযোগ করেছে ।

তৃণমূল ছাত্র পরিষদ নেতা ধীমান দেউড়ি অভিযোগ করেছেন, প্রাক্তন জেনারাল সেক্রেটারি সমীর দাস বহিরাগতদের নিয়ে কলেজে হামলা চালান। এতে দুজন আহত হয় ।

অন্যদিকে সমীর দাসের পাল্টা দাবি, তারা যখন কলেজের সামনে দিয়ে যাচ্ছিলেন সেই সময় ধীমান ও তার সঙ্গী সাথীরা তাদের ওপর হামলা চালায় ।

পরিস্থিতি নিয়ন্ত্রনে আনতে ঘটনাস্থলে মোতায়েন করা হয়েছে পুলিশ বাহিনী ।

--------------------

ইস্টবেঙ্গল, পি, সেন ট্রফি ক্রিকেটের ফাইনালে উঠেছে। আজ সেমিফাইনালে তারা ৮০ রানে কালীঘাট কে হারিয়ে দেয় ।

ইস্টবেঙ্গল প্রথমে ব্যাট করে ৮ উইকেটে করেছিল ২৯০ রান। অঙ্কিত কুমার ৭৯ ও শুভম দে ৭৪ রান করেন।

এদিকে কলকাতা প্রিমিয়ার ডিভিশন হকি লিগে আজ ইস্টবেঙ্গল ৪-২ গোলে ক্যালকাটা কাস্টমসকে পরাজিত করেছে। ইস্টবেঙ্গলের পক্ষে পারমোদ সিং হাটর্ট্রিক করেছেন। আর একটি গোল করেছেন পারদীপ সিং। কাস্টমসের যোগিন্দার সিং দুটি গোল করেন।

-------------------- --------------------